অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/23/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে চরম তাপ পরিস্থিতি নিয়ে গবেষণা করতে বিধিমালায় স্বাক্ষর করলেন

বিধিমালা (S.8431-A/A.10001-B) এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টকে আর্বান এলাকায় অসামঞ্জস্যপূর্ণ তাপ পরিস্থিতির প্রভাবের উপর একটি গবেষণা করতে নির্দেশ দেয়

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালায় (S.8431-A/A.10001-B) স্বাক্ষর করেন যা নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টকে (Department of Environmental Conservation, DEC) সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে, যা আর্বান হিট আইল্যান্ড নামেও পরিচিত, অসামঞ্জস্যপূর্ণ তাপ পরিস্থিতির প্রভাবের উপর একটি গবেষণা করতে নির্দেশ দেয়।

"চরম তাপ প্রতি বছর নিউ ইয়র্কবাসীর, বিশেষ করে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহ ও অশ্বেতাঙ্গ সম্প্রদায়সমূহে, জীবন ও কল্যাণকে হুমকির সম্মুখীন করে," **গভর্নর হোকল বলেন।** "আমরা জলবায়ু সপ্তাহ (Climate Week) শেষ করার সময় চরম তাপ সমাধান ও জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করতে পদক্ষেপ নিচ্ছি। গবেষণাটি আমাদেরকে নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখার এবং ভবিষ্যত প্রজন্মের বসবাসের জন্য স্টেটকে আরো স্বাস্থ্যকর, আরো টেকসই স্থান বানানোর পথে স্থাপন করে।"

বিধিমালা (S.8431-A/A.10001-B) নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (Department of Environmental Conservation DEC) ডিপার্টমেন্টকে নির্দেশ দেয়, পরিবেশগত ন্যায়বিচার ইন্টার-এজেন্সির সমন্বয়কারী পরিষদ (environmental justice interagency coordinating council) এবং জলবায়ু ন্যায়বিচার ওয়ার্কিং গ্রুপের (climate justice working group) পরামর্শ নিয়ে আর্বান এলাকায়, বিশেষ করে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে অসামঞ্জস্যপূর্ণ তাপ পরিস্থিতির প্রভাব নিয়ে গবেষণা করতে। স্টেটব্যাপী বিভিন্ন শহর বর্ধিত তাপের প্রতি সংবেদনশীল এমন অবকাঠামোর জন্য যা পুরোদিন তাপ আটকে জমা করে রাখে, যা আর্বান হিট আইল্যান্ড প্রভাব হিসেবে পরিচিত। গবেষণাটি আর্বান সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে চিহ্নিত করবে যেখানে হিট আইল্যান্ডের ঘনত্ব বেশি, কীভাবে আর্বান হিট আইল্যান্ড প্রভাব সনাক্ত করা যায়, এবং এর নেতিবাচক স্বাস্থ্য ও পরিবেশগত প্রভাব প্রতিরোধ ও সমাধান করা যায় এবং এমন প্রভাব সমাধানে সম্ভবই তহবিল সনাক্ত করা যায় সে ব্যাপারে সুপারিশ প্রদান করবে।

নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের কমিশনার এবং জলবায়ু পদক্ষেপ পরিষদের (Climate Action Council) সহপ্রধান ব্যাসিল সেগোস বলেন, "জলবায়ু পরিবর্তন শুধু আমাদের পরিবেশকেই প্রভাবিত করছে না, এটি ইতিমধ্যেই ঐতিহাসিকভাবে পরিবেশ দূষণের অতিরিক্ত চাপ বহন করা সম্প্রদায়সমূহে প্রাণঘাতী জনস্বাস্থ্য ফলাফলে অবদান রাখছে। DEC আমাদের বহু স্থানীয়, স্টেট, এবং আইনসভার অংশীদারদের সাথে মিলে এই গবেষণা অগ্রসর করতে উন্মুখ এবং চরম তাপ সমাধানে ও নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে সাহায্য করতে গভর্নর হোকলের নেতৃত্বাধীন কাজ করে যাবে।"

নিউ ইয়র্ক স্টেটের এনার্জি রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং জলবায়ু পদক্ষেপ পরিষদের সহপ্রধান ডোরিন এম. হ্যারিস বলেন, "গভর্নর হোকল জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং তিনি বুঝেন যে বছরের পর বছর ধরে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহ সম্মুখসারিতে রয়েছে এবং চরম তাপ এবং পুরো স্টেটের সকল আর্বান কেন্দ্রগুলিতে উপস্থিত ক্ষতিকর দূষণের সবথেকে খারাপ প্রভাবের সম্মুখীন হয়েছে। এই গবেষণাটি শেষ হলে তা অবগত সমাধান ব্যবহারের মাধ্যমে, যেমন টেকসই ও সাশ্রয়ী কুলিং যা গ্রহকে আরো নিরাপদ ও পরিচ্ছন্ন করবে, পরিবেশগত ন্যায়বিচার অর্জনে এবং জনস্বাস্থ্য উন্নত করতে ও জীবনযাত্রার আরো ভালো মান সমর্থনে নিউ ইয়র্কের প্রচেষ্টাকে আরো সমর্থন করবে।"

স্টেটের সিনেটর কেভিন পার্কার বলেন, "গ্লোবাল ওয়ার্মিং ইনার-সিটি আর্বান সম্প্রদায়সমূহকে ফুটন্ত কড়াই থেকে জ্বলন্ত উনুনে ঠেলে দিয়েছে। এইসব অধিকাংশ আফ্রিকান-আমেরিকা এবং ল্যাটিনো সম্প্রদায়সমূহ জলবায়ু পরিবর্তনের তাপ প্রভাবের প্রভাব অসামঞ্জস্যপূর্ণভাবে বহন করে। এইসব হিট আইল্যান্ড প্রভাব এই গ্রীষ্মের দুই সপ্তাহ ধরে চলা হিট ওয়েভ দ্বারা নিউ ইয়র্ক সিটিতে ভালোভাবে দেখা গেছে। এই নতুন আইনটি নিউ ইয়র্ক সিটিকে সেই ডেটা প্রদান করবে যা এইসব প্রভাব বুঝতে এবং তা প্রশমন করতে কৌশল ও মডেল উভয় গঠন করতে প্রয়োজন। পরিবেশগত ন্যায়বিচারের পক্ষে থাকার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য ব্রায়ান কানিংহ্যাম বলেন, "এই বিলের ফলে যেই আর্বান হিট আইল্যান্ড প্রভাব নিয়ে এই গবেষণাটি করা হবে তা সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জীবন উন্নত করার জন্য হবে। হিট আইল্যান্ডের ঘনত্ব কোথায় বেশি তা সনাক্ত করে এবং কীভাবে এর নেতিবাচক স্বাস্থ্য ও পরিবেশগত প্রভাব সর্বনিম্ন করা যায় সেই ব্যাপারে সুপারিশ প্রদান করে এই গবেষণাটি একটি নাটকীয় প্রভাব ফেলবে বলে আমি আত্মবিশ্বাসী। আমরা পরিবেশগত ন্যায়বিচার ইন্টার-এজেন্সির সমন্বয়কারী পরিষদ এবং জলবায়ু ন্যায়বিচার ওয়ার্কিং গ্রুপকে তাদের গবেষণার জন্য আগাম ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক সিটির পরিবেশগত ন্যায়বিচার জোটের (NYC Environmental Justice Alliance) নির্বাহী পরিচালক এডি বাতিস্তা বলেন, "নিউ ইয়র্ক সিটির পরিবেশগত ন্যায়বিচার জোট শীর্ষ স্পন্সর সিনেটর পার্কার ও অ্যাসেম্বলি সদস্য কানিংহ্যামকে, এবং একইসাথে অ্যাসেম্বলির স্পিকার হিস্টি ও সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্সকে ধন্যবাদ

জানাতে চাই এই বিলটিকে গভর্নর হোকলের কাছে পৌঁছাতে তাদের জলবায়ু নেতৃত্বের জন্য। এছাড়াও আমরা চরম তাপের মতো চরম জলবায়ু প্রভাব নিয়ে কাজ করতে এবং তা প্রশমন করতে গভর্নর হোকলের নিবেদনের জন্য তার প্রশংসা করছি। এই বিলটি যেই গবেষণাটিকে আবশ্যক করে তা অসামঞ্জস্যপূর্ণ আর্বান হিট আইল্যান্ড প্রভাব এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে যেই সংশ্লিষ্ট চরম তাপ ফলাফলের সম্মুখীন হচ্ছে তা আরো ভালোভাবে ব্যাখ্যা করতে সাহায্য করবে। গবেষণাটি পরিবেশগত ন্যায়বিচার গ্রুপসমূহ এবং জলবায়ু ন্যায়বিচার ওয়ার্কিং গ্রুপের পরামর্শমতো করা হবে তা নিশ্চিত করে, তারা নিশ্চিত করেছে যাতে সবথেকে প্রভাবিত যারা, যারা এই গবেষণার বিষয়বস্তু, তারা যাতে এই প্রক্রিয়ায় ব্যাপকভাবে জড়িত থাকতে পারে, যার ফলে তারা প্রক্রিয়ার নেতা হিসেবে কাজ করতে পারবে এবং তারা তাদের সম্প্রদায়ের জন্য যা সবথেকে গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় বলে মনে করে সেই ব্যাপারে বলতে পারবে।"

উই অ্যাক্ট ফর এনভায়রনমেন্টাল জাস্টিসের (WE ACT for Environmental Justice) পলিসি পরিচালক সোনাল জেসেল বলেন, "চরম তাপ শুধু জলবায়ু পরিবর্তনের সবথেকে মারাত্মক প্রভাব নয়, এটি নিউ ইয়র্ক সিটির অন্যান্য বর্ণ ও জাতিগত গোষ্ঠীর মানুষের তুলনায় দ্বিগুণ কৃষ্ণাঙ্গ/আফ্রিকান আমেরিকান মানুষের প্রাণ কেড়ে নেয়। আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি এই অতি গুরুত্বপূর্ণ পরিবেশগত ন্যায়বিচার সমস্যা সমাধানে তার নেতৃত্বের জন্য, এবং আমরা এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টকে আমাদের পক্ষে সম্ভব সকল সহায়তা প্রদান করতে উন্মুখ।"

এনভায়রনমেন্টাল অ্যাডভোকেটস NY-র (Environmental Advocates NY) নির্বাহী পরিচালক পিটার ইওয়ানউইচ বলেন, "জলবায়ু সঙ্কট নিউ ইয়র্ককে স্পষ্টভাবে যার মাধ্যমে প্রভাবিত করছে তা হলো চরম তাপ। এটি বিশেষ করে সেই সব এলাকার জন্য সত্য যেখানে রেডলাইনিংয়ের মতো বর্ণবাদী পলিসির লেগেসি সেখানকার মানুষকে অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে যাচ্ছে, তাদের 'হিট আইল্যান্ডে' আটকে রাখছে। আমরা এই গুরুত্বপূর্ণ বিধিমালায় স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি যা এইসব হিট আইল্যান্ডের ব্যাপারে মুখ্য তথ্য সংগ্রহ করবে এবং একইসাথে অতীতের ভুল শোধরানোর একটি পরিকল্পনা তৈরি করবে।"

নিউ ইয়র্ক কনজার্ভেশন ভোটার্স লীগের (New York League of Conservation Voters) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "হিট আইল্যান্ড প্রভাব সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে বসবাসরত মানুষকে বিপদে ফেলে এবং তাদের আর্থিক ক্ষতি করে যা পুরোপুরি তাদের সামর্থ্যের বাইরে। নিউ ইয়র্ক কনজার্ভেশন ভোটার্স লীগ এই বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছে, এটি অতীতের ভুল এবং চলমান পরিবেশগত অন্যায় শোধরানোর জন্য একটি মুখ্য পদক্ষেপ। হিট আইল্যান্ড বিলটি নিশ্চিত করবে যাতে সত্য তথ্য সংগৃহীত হয়ে এবং সেখান থেকে আরো সবুজ, আরো ন্যায্য আর্বান ল্যান্ডস্কেপ পাওয়ার সমাধান পাওয়া যায়।"

নিউ ইয়র্ক স্টেট ইতিমধ্যেই আর্বান সম্প্রদায়সমূহে চরম তাপের সমাধান করতে প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করছে, যেমন চরম তাপ কর্মপরিকল্পনা (Extreme Heat Action Plan) গঠন, এটি নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষ এবং (New York State Energy Research and Development Authority NYSERDA) এনভায়রনমেন্টাল কনজার্ভেশন

ডিপার্টমেন্টের যৌথ নেতৃত্বের একটি প্রচেষ্টা। (Department of Environmental Conservation DEC) চরম তাপ কর্মপরিকল্পনার মধ্যবর্তী সুপারিশ 23 জুলাই, 2022 তারিখে প্রকাশ করা হয়েছে। পরিকল্পনাটি বিশেষভাবে পরিবেশ দূষণ এবং জলবায়ু পরিবর্তন দ্বারা অসমভাবে প্রভাবিত সম্প্রদায়গুলির উপর দৃষ্টি নিবদ্ধ করে এবং চরম তাপের প্রভাব প্রশমিত করার জন্য রাজ্যের বিদ্যমান পদ্ধতির ফাঁকগুলি চিহ্নিত করে কর্মসংস্থান, বিনোদনের ক্ষেত্র, এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলির প্রতি।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418